

১২৬। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণের উৎপাদনস্থল, সেবাপ্রদানস্থল, ব্যবসায়স্থল ও ঘরবাড়ীতে প্রবেশ, মজুদ পণ্য, সেবা ও উপকরণ পরিদর্শন এবং হিসাব ও নথিপত্র পরীক্ষা করার অধিকার।— (১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা বা তাঁহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত—

- (ক) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদনস্থল বা সরবরাহস্থল বা সেবা প্রদানের স্থল বা ব্যবসায়স্থল বা সংশ্লিষ্ট অন্য কোন ঘরবাড়ী বা অঙ্গনে প্রবেশের অধিকার থাকিবে;
- (খ) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদন প্রক্রিয়া, মজুদ পণ্য, সেবা ও উপকরণ পরিদর্শন ও তদুৎক্রান্ত হিসাব পরীক্ষা করিতে পারিবেন; এবং
- (গ) যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা যে কোন সময় নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির মূল্য সংযোজন কর সংক্রান্ত পুস্তক, নথিপত্র ও বাণিজ্যিক দলিলাদিসহ ব্যবসা সংক্রান্ত সকল দলিলাদি পরীক্ষা করিতে, উহা দাখিল করিবার নির্দেশ প্রদান করিতে বা<sup>১</sup> উক্ত দলিলাদি ও ক্ষেত্রমত, পণ্য আটক করিতে বা আটককৃত পণ্য হেফাজত বা সংরক্ষণের উদ্দেশ্যে উৎপাদনস্থল, সরবরাহস্থল বা ব্যবসায়স্থলে, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন ম—ল্য সংযোজন কর্মকর্তা, তালাবদ্ধ করিতে আটক করিতে বা এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় অন্যান্য কার্য করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত স্থান কাহারো আবাসস্থল হইলে উক্ত কর্মকর্তা, উক্ত আবাসস্থলের স্বত্বাধিকারী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বা তত্ত্বাবধানকারীকে যথাযথ নোটিশ প্রদান ব্যতিরেকে, উহাতে প্রবেশ করিতে পারিবেন না, তবে ধারা ৪৮-ক এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার ক্ষেত্রে অনুরূপ নোটিশ প্রদানের প্রয়োজন হইবে না।

(৩) এই আইনের অধীন কোন দায়িত্ব পালনের প্রয়োজনে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা উপ-ধারা (১) এ উল্লিখিত কোন স্থানে প্রবেশ করিলে উক্ত স্থানের স্বত্বাধিকারী, তত্ত্বাবধানকারী বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উক্ত কর্মকর্তার চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য, দলিলাদি বা নমুনা সরবরাহসহ অন্যান্য সকল যুক্তিসঙ্গত সহায়তা প্রদান করিবেন।

(৪) এই ধারার অধীন কোন তথ্য, দলিলাদি বা নমুনা প্রাপ্তির পর যদি দেখা যায় যে, সংশ্লিষ্ট নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি কোন রাজস্ব ফাঁকি দিয়াছেন বা কোন অনিয়ম করিয়াছেন তাহা হইলে তৎসম•র্কে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা<sup>২</sup> নির্ধারিত সময়ের জন্য, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন ম—ল্য সংযোজন কর্মকর্তা, সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (freeze) করাসহ এই আইনের অধীন যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের<sup>৪</sup> রাজস্ব কর্মকর্তা তাঁহার এখতিয়ারাধীন এলাকায় কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তির উৎপাদনস্থল বা সরবরাহস্থল বা সেবা প্রদানস্থল বা ব্যবসায়স্থল পরিদর্শন এবং মজুদ পণ্য, সেবা, উপকরণ ও হিসাব পরীক্ষা করিতে পারিবেন।

(৬) এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে, টার্গেটভার করেণ্ডের আওতায় তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য প্রতিষ্ঠান এবং কুটির শিল্পের সুবিধাপ্রাপ্ত বা সুবিধা দাবীকারী প্রতিষ্ঠানও নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি বলিয়া গণ্য হইবে।]

<sup>১</sup> অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৫২ বলে ধারা ২৬ এর পরিবর্তে নূতন ধারা ২৬ প্রতিস্থাপিত।

<sup>২</sup> অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮১ (ক) বলে ধারা ২৬ এর উপ-ধারা (১) এর দফা (গ) তে উল্লিখিত “নির্দেশ প্রদান করিতে বা” শব্দগুলির পর “উক্ত দলিলাদি ও ক্ষেত্রমত, পণ্য আটক করিতে বা আটককৃত পণ্য হেফাজত বা সংরক্ষণের উদ্দেশ্যে উৎপাদনস্থল, সরবরাহস্থল বা ব্যবসায়স্থলে, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন ম—ল্য সংযোজন কর্মকর্তা, তালাবদ্ধ করিতে” শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

<sup>৩</sup> অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮১ (খ) বলে ধারা ২৬ এর উপ-ধারা (৪) এ উল্লিখিত “ তৎসম•র্কে যুক্তিসঙ্গত সময়ের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা” শব্দগুলির পর “নির্ধারিত সময়ের জন্য, সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এমন কোন ম—ল্য সংযোজন কর্মকর্তা, সংশ্লিষ্ট ব্যক্তির ব্যাংক একাউন্ট অপরিচালনযোগ্য (freeze) করাসহ” শব্দগুলি, কমাগুলি ও বন্ধনী সন্নিবেশিত।

<sup>৪</sup> অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৮১ (গ) বলে ধারা ২৬ এর উপ-ধারা (৫) এ উল্লিখিত “সুপারিনটেনডেন্ট” শব্দটির পরিবর্তে “রাজস্ব কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত।